গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ২য় পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ হাবিবুর রহমান খান,
অতিরিক্ত সচিব (প্রশাসন) (সচিবের দায়িত্বে),
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ : ০৯/০২/২০২০ খ্রিস্টাব্দ

সময় : বেলা ১০: ০০ টা

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পবিত্র স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, জাতির পিতার জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপনের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নির্দেশনা অনুসারে যে কর্মপরিকল্পনাটি প্রস্তুত করা হয়েছে, তার যথাযথ বাস্তবায়নে স্ব স্ব অবস্থান থেকে সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে।

২। বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী মুজিববর্ষে বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রম ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য সকলের প্রতি অনুরোধ জানান। এ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম এবং সেগুলোর বাস্তবায়ন অগ্রগতি সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সভায় তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| নং | কর্মসূচির নাম | কার্যক্রম | বাস্তবায়ন/সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১. | দেশজুড়ে স্বাস্থ্য সেবা ও সচেতনতা সৃষ্টির উদ্যোগ | বঙ্গবন্ধুর পোর্ট্রেট ও বাণী<br>রেডিও টেলিভিশনে বছরব্যাপী কর্মসূচি<br>মোবাইল ভ্যান<br>প্রত্যেক মাসে একটি বিষয়ের উপর আলোকপাত করে একটি কর্মসূচি<br>র‍্যালি<br>ব্যানার/পোস্টার/আলোকসজ্জা<br>স্কুল হেলথ কর্মসূচি (অসংক্রামক ব্যাধি, সংক্রামক রোগ, পুষ্টি, নিরাপদ মাতৃত্ব/প্রসব, বাল্যবিবাহ, Antibiotic Resistance<br>স্যুভেনির/Documentary | যুগ্মসচিব (পার) জানান, এ বিষয়ে ইতোমধ্যে দুটি সভা করা হয়েছে। দুজন যুগ্মসচিবকে আহ্বায়ক করে দুটো কমিটি করা হয়েছে। ব্যানারের বিষয়ে মাননীয় মন্ত্রী সদয় নির্দেশনা দিয়েছেন এবং ব্যানারের ছবি নির্ধারণ করা হয়েছে। ব্যানারের নমুনা তৈরি করে এক সপ্তাহের মধ্যে সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে দেয়া হবে। একই জিনিস পোষ্টারের মাধ্যমে তৈরি করে সারা দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে দেয়ার জন্য কাজ চলছে। সচিবালয়সহ ঢাকা শহরের দৃশ্যমান স্থানে ব্যানার দেয়া হবে। মিডিয়ার প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সবাইকে যুক্ত করা হচ্ছে।<br>**সিদ্ধান্ত:** প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন),<br>যুগ্মসচিব (পার),<br>যুগ্মসচিব (মানবসম্পদ) |
| ০২ | Type-1 Diabetic শিশুদের ডায়াবেটিস সেবা | * ডায়াবেটিস সমিতির সঙ্গে সমন্বয় করে তাদের ৩৮টি জেলায় এসব সেবা দানে বিনামূল্যে ইনসুলিন দেয়া<br>* ৮টি বিভাগীয় পর্যায়ের মেডিকেল কালেজ হাসপাতালে এই সেবা চালু করা হবে।<br>* সচেতনতা তৈরী<br>* বাবা-মা/পরিবার সদস্যদের প্রশিক্ষণ | এ বিষয়ে উপসচিব (জনস্বাস্থ্য-২) বলেন, তিনটি মেডিকেল কলেজ হাসপাতালসহ সারাদেশের ১১টি হাসপাতালে ডায়াবেটিক রোগীদের সেবা দেয়া হবে। প্রতিটি হাসপাতালে ১ কোটি ৩৫ লক্ষ টাকার বাজেট লাগবে।<br>যুগ্মসচিব (বাজেট) বলেন, ১৭ মার্চ হতে জুন পর্যন্ত এবং জুন এর পরে কত টাকা বাজেট প্রয়োজন তা জানানোর পরে প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। অর্থ মন্ত্রণালয় হতে বরাদ্দ পাওয়ার পরে তা সংশ্লিষ্ট কোডে প্রেরণ করা হবে।<br>**সিদ্ধান্ত:** যুগ্মসচিব (বাজেট) এ বিষয়ে বাজেট বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। | অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য),<br>অতিরিক্ত সচিব (বাজেট) |

| নং | কর্মসূচির নাম | কার্যক্রম | বাস্তবায়ন/সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০৩ | প্রত্যেক স্বাস্থ্য প্রতিষ্ঠানে একটি করে দীর্ঘজীবী গাছ লাগানো | * বকুল গাছ/নিমগাছ/মেহগনি গাছ | বৃক্ষরোপণ বাবদ অর্থের প্রয়োজন হলে তা হাসপাতালের সংশ্লিষ্ট কোড থেকে বহন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য) |
| ০৪ | পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর উদ্যোগের অংশ হিসাবে হাসপাতাল/ স্বাস্থ্য স্থাপনা পরিচ্ছন্ন করা | * ভবন সংস্কার/চুনকাম<br>* টয়লেট,বেসিন,ট্যাপ<br>* জানালা দরজা, বেডসাইড টুল/টেবিল<br>* কিচেন<br>* Outdoor- এ নতুন টয়লেট স্থাপন<br>* পানি সরবরাহ নিশ্চিতকরণ | পরিষ্কার-পরিচ্ছন্নতা খাতে হাসপাতালে যে বরাদ্দ দেয়া আছে, সেখান থেকে খরচ বহন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করবেন। |
| ০৫ | প্রত্যেক হাসপাতালে Information Cum Help Desk | * হাসপাতালের সেবা সম্পর্কে তথ্য<br>* স্বাস্থ্য শিক্ষা<br>* LED -------<br>* দু'জন স্টাফ, কম্পিউটার | স্বাস্থ্য সেবা বিভাগের উন্নয়ন অনুবিভাগ বিষয়টি তদারকি করবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) |
| ০৬ | Institutional Practice & Evening outdoor | -- | যুগ্ম-প্রধান (পরিকল্পনা) জানান, ইভেনিং আউটডোরকে প্রাধান্য দিয়ে কাজ চলছে। বাজেট বরাদ্দের প্রয়োজন হবে। | যুগ্ম-প্রধান (পরিকল্পনা) |
| ০৭ | One stop comprehensive Emergency Service চালু | * প্রথম পর্যায়ে মেডিকেল কলেজ হাসপাতালে<br>* ক্রমান্বয়ে জেলা হাসপাতালে | কার্যক্রম চলমান। অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (হাসপাতাল) |
| ০৮ | বিভাগীয় ও জেলা পর্যায়ে কিডনী ডায়ালাইসিস সেবা চালু | * বিভিন্ন ধাপে প্রথমে মেডিকেল কলেজ পরবর্তীতে জেলা পর্যায়ে | প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখেতে হবে | মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর |
| ০৯ | উপজেলা পর্যায়ে জরায়ু মূখের ক্যান্সার এবং স্তন ক্যান্সার চিহ্নিত করণ কার্যক্রম | * VIA Test<br>*Ultrasonogram, Trained Manpower | উপজেলা পর্যায়ে সকল হাসপাতালে এই সেবা সম্প্রসারণের কাজ চলমান রয়েছে। প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর |
| ১০ | জেলা পর্যায়ে অন্ততঃ একটি মডেল ফার্মেসী এবং উপজেলা পর্যায়ে একটি মডেল মেডিসিন সপ চালু | -- | ইতোমধ্যে অধিকাংশ জেলা/উপজেলায় কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট জেলা/উপজেলা মডেল ফার্মেসি/মেডিসিন শপ চালু নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর |
| ১১ | পর্যায়ক্রমে ACUTE MEDICINE UNIT চালু করা | ACUTE MEDICINE UNIT SET প্রথম পর্যায়ে মেডিকেল কলেজ ও হাসপাতাল সমূহ | ACUTE MEDICINE UNIT স্থাপনের বিষয়ে গত ০৪/০১/২০২০ খ্রিঃ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল মেডিকেল কলেজ হাসপাতালে পূর্ণাঙ্গ জরুরি বিভাগ স্থাপনের জন্য নির্দেশনা ও গাইডলাইন দেয়া হয়েছে। এ বিষয়ে ঢাকা ও ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের দৃষ্টান্ত অনুসরণ করার জন্যও বলা হয়েছে। এটির বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | মেডিকেল কলেজ সমূহের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালক |

৩। সভাপতি বলেন চলতি সপ্তাহের মধ্যেই সবার কাজ দৃশ্যমান হতে হবে। এ লক্ষ্যকে সামনে রেখে কমিটির সবাইকে যার যার দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য সকলকে অনুরোধ জানান।

৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
১৩-০২-২০২০
(মোঃ হাবিবুর রহমান খান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
(সচিবের দায়িত্বে)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬-২৮৬ তারিখঃ ১৩/০২/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪. যুগ্মসচিব/যুগ্ম-প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. লাইন ডাইরেক্টর (লাইফ স্টাইল, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন/মেডিকেল এডুকেশন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৯. প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

১৬|২|২০২০
(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd